উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০২.২০১৭- ৪১০(৪০) তারিখ-১৩/০৪/২০২২ খ্রিঃ।

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী-২০/০৪/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ টায় উপজেলা পরিষদের এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব এ্যাডভোকেট মোঃ জুলফিকার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্ত।
৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বিষয়ক আলোচনা।
৪। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে।
৫। বিবিধ আলোচনা।

১৩/০৪/২০২২
(ছন্দা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।
☎-০৫৩২৫-৭৩০০৯

প্রাপকঃ ..................................................

..................................................
বোচাগঞ্জ, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭-দিনাজপুর-২ ও প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
৫। অফিস কপি।

উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এর এপ্রিল/২০২২খ্রি: মাসিক সাধারণ সভায় উপস্থিত জনপ্রতিনিধিদের স্বাক্ষর

তারিখ:- ২০/০৪/২০২২ সময়:- ১১.০০টা

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব, খালিদ মাহমুদ চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩ দিনাজপুর-২ ও নৌ-পরিবহন প্রতিমন্ত্রী | | |
| ০২ | জনাব, মো: জুলফিকার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ | | |
| ০৩ | জনাব, মো: আসলাম, মেয়র, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ | | |
| ০৪ | জনাব, মো: নুর আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ | | [signature] |
| ০৫ | জনাব, পুতুল রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | [signature] |
| ০৬ | জনাব, নাছিমা ফেরদৌসি পুতুল, সংরক্ষিত মহিলা আসন, উপজেলা পরিষদ | | |
| ০৭ | জনাব, মোছা: মোমিনা খাতুন, সংরক্ষিত মহিলা আসন, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ | | [signature] |
| ০৮ | জনাব, মো: শাহনেওয়াজ পারভেজ, ১ নং ইউ.পি চেয়ারম্যান | | [signature] |
| ০৯ | জনাব, প্রদ্যুৎ রায় বুলু, ২ নং ইউ.পি চেয়ারম্যান | | [signature] |
| ১০ | জনাব, শুভাশিস ফারুক, ৩ নং ইউ.পি চেয়ারম্যান | | [signature] |
| ১১ | জনাব, নুরুন নবী চৌধুরী জোহান, ৪ নং ইউ.পি চেয়ারম্যান | | [signature] ২০/৪/২২ |
| ১২ | জনাব, হাবিবুর রহমান হাবু, ৫ নং ইউ.পি চেয়ারম্যান | 01716308560 | [signature] |
| ১৩ | জনাব, নিমাই চন্দ্র দেবশর্মা [illegible] | | |

সভায় আমন্ত্রিত সদস্য/বিভাগীয় কর্মকর্তাগণের স্বাক্ষর

তাং-২০/০৪/২০২২ সময়:- ১১.০০টা

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| | জনাব [illegible], উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ | | |
| ২ | ডা: মো: আব্দুস সালাম, ULO | | [signature] |
| ৩ | মো: আরিফ আফজাল, AEO, পক্ষে উপজেলা কৃষি অফিসার | 01723583825 | [signature] |
| ৪ | মো: রিয়াজুল ইসলাম, USSO | 01792903360 | [signature] |
| ০৫ | মো: রফিক [illegible], UFO | 01729532590 | [signature] |
| ০৬ | মো: সাইদুজ্জামান জাহিদ, URDO, BRDB | 01717729831 | [signature] |
| ০৬ | মো: কামরুল আবেদীন, উপজেলা সমবায় অফিসার | 01718-549855 | [signature] 20/4/22 |
| ০৭ | মো: মাহমুদ হোসেন, UEO | 01731-538487 | [signature] |
| ০৮ | নিরঞ্জন চন্দ্র রায়, F. | 01716535993 | [signature] |
| ০৯ | ডা: আবুল বাসার মো: সায়েদুজ্জামান, উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | 01819134380 | [signature] |
| ১০ | এস.এম. জসীম উদ্দিন, UDF-UGDP | 01753124690 | [signature] |
| ১১ ১২ | মো: মতিউর রহমান, উপজেলা যুব উ: কর্মকর্তা | 01712147241 | [signature] |
| ১৩ | মো: মনসুর রহমান (PIO) | 01312-8[illegible] | [signature] |
| ১৪ | সবুজ চন্দ্র রায়/BM, PSB | 0171[illegible]6649 | [signature] |
| ১৫ | [illegible] UAS মাধ্যমিক শিক্ষা অফিসার | 0177[illegible]037 | [signature] |
| ১৬ | [illegible] AE/DPHE | 01727220279 | [signature] |
| ১৭ | [illegible] প্রধান সহকারী | [illegible] | [signature] |

## উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এর এপ্রিল/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ এ্যাডভোকেট মোঃ জুলফিকার হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তরিখ ঃ ২০/০৪/২০২২ খ্রিঃ।
সময় ঃ সকাল-১১.০০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও এবং উপজেলা পরিষদদের ১৭টি কমিটির পুনঃগঠন কাঠামো পরিশিষ্ট 'ঘ' তে দেখানো হলো।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সকল সদস্যগণকে শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানান। সভায় চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়সহ সকল কর্মকর্তা-কর্মচারী ও ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা অভিনন্দন জানান। তিনি পরস্পরের সহযোগিতায় একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং সম্মানীত উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়কে সভা শুরু করার অনুমতি প্রদানের জন্য অনুরোধ করেন।

সভার শুরুতে জনাব এ্যাডভোকেট মোঃ জুলফিকার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর অদ্যকার সভার সভাপতি সকল সদস্যগণকে আন্তরিক শুভেচ্ছা জানান । তিনি পরিষদের ন্যস্ত দপ্তর ও অন্যান্য দপ্তরসমূহকে জনগণকে সেবা দেওয়া ও একত্রে কাজ করার আহ্বান জানান। অতপর সভাপতি সভারকার্য পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ জানান উপজেলা নির্বাহী অফিসার সকল সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ<br>গত-১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় ২০/০৪/২০২২ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হলো। | গত-১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ২০/০৪/২০২২ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০২. | সভায় উপজেলার সকল দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং তাদের সেবাসমূহ প্রচারের মাধ্যমে জনসাধারণকে জানানোর পাশাপাশি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানকে তাদের সেবাসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করাসহ উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধানগণ। |
| ০৩. | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি সম্পর্কিত আলোচনা ঃ<br>সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির সভাসমূহের কার্যক্রম নিয়মিত সভা করার জন্য দপ্তর প্রধানগণকে ও উপজেলা পরিষদকে কার্যকর করার লক্ষে ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকলের দৃষ্টি আর্কষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে ১৭টি গঠিত স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি। |

উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের কার্যক্রম প্রসঙ্গে ঃ

| | | | |
|---|---|---|---|
| ০৪. | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্তঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর মার্চ/২০২২ মাসের সম্মানী ভাতা=৯৪,০০০/- টাকা। ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর মার্চ/২০২২ খ্রিঃ মাসের ভ্রমন ভাতা বিল (১৮দিন×৬২৫) =১১,২৫০/-টাক। ৩। উপজেলা পরিষদ কার্যালয়ের আইসিটি টেকনিশিয়ান এর মার্চ/২০২২ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (২৯দিন× ৫৫০)=১৫,৯৫০/-টাকা। ৪। উপজেলা পরিষদ কার্যালয়ের মালী এর মার্চ/ ২০২২ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (২৯দিন ×৫৫০)=১৫,৯৫০/-টাকা। ৫। উপজেলা পরিষদ কার্যালয়ের সুইপার/ পরিচ্ছন্নকর্মী এর মার্চ/২০২২ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (২৯দিন×৫৫০)=১৫,৯৫০/-টাকা। ৬। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় অফিস আপ্যায়ন বাবদ ব্যয় মার্চ/২০২২ খ্রিঃ মাসের=৩৮,০০০/-টাকা। ৭। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় অফিস আনুসাঙ্গীক বাবদ ব্যয় মার্চ/২০২২ খ্রিঃ মাসের=৫,০০০/- টাকা। ৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় 'জাতীয় দিবস খাত' হতে ২৬ মার্চ ২০২২ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন (অতিরিক্ত) বিল=১,০০,০০০/-টাকা। ৯। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় 'জাতীয় দিবস খাত' হতে ২৬ মার্চ ২০২২ স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন বিল=১২,৫০০/-টাকা। ১০ উপজেলাপ পরিষদ চত্তরে পানির লাইন পুনঃ মেরামত বাবদ বিল=২৫,০০০/-টাকা। ১১। ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ এর পৌরকর বাবদ বিল=১,১৮,৫০০/-টাকা। ১২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অত্র উপজেলার হাট বাজার ইজারা ৩টি পত্রিকারর বিজ্ঞপ্তির বিল=৭৮,২৩৬/-টাকা। ১৩। ২০২১-২০২২ অর্থ বছরে ইউজিডিপি টেন্ডার পত্রিকার বিল=৫৯,৭৩৯/- টাকা। | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খাতসমূহের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়উত্তর অনুমোদন দেয়া হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার বোচাগঞ্জ,দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | উপজেলা প্রকৌশলী দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী জানান যে, অত্র বোচাগঞ্জ উপজেলায় ২০২১-২০২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে "উপজেলায় উন্নয়ন সহায়তা" থোক বরাদ্দ অনগ্রসর উপজেলা/প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা/করোনা ভাইরাস (কোভিট-১৯) বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদান) গ্রহণের জন্য বোচাগঞ্জ উপজেলা পরিষদের অনুকুলে মোট ৩,৮০,০০০/-টাকা বরাদ্দ সাপেক্ষে ইতিপূবে ১,১৬,৬৭২/-টাকা প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হয়। অবশিষ্ট ২,৬৩,৩২৮/-টাকা জরুরী ভিত্তিতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>এত উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম নিম্নে প্রদত্ত হলো ও পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্নোক্ত ছকে উল্লেখ পূর্বক আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপস্থাপিত অত্র বোচাগঞ্জ উপজেলায় ২০২১-২০২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে "উপজেলায় উন্নয়ন সহায়তা" থোক বরাদ্দ অনগ্রসর উপজেলা/প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা/করোনা ভাইরাস (কোভিট-১৯) বিস্তাররোধকল্পে অবশিষ্ট ২,৬৩,৩২৮/-টাকা কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।। | উপজেলা পরিষদ বোচাগঞ্জ,দিনাজপুর। |

চলমান স্কীমসমূহঃ

| Sl. No | Name of Project | Total Schemes(Nos) | Completed Workes (Nos) | Running Workes(nos) | %Compleantion of Running Workes |
|---|---|---|---|---|---|
| 1 | IRIDP-3 | 4 | 2 | 2 | 55 |
| 2 | RCIP | 1 | 0 | 1 | 80 |
| 3 | RDRIIP-2 | 15 | 14 | 1 | 95 |
| 4 | TULO | 1 | 1 | 0 | 100 |
| 5 | CBU | 1 | 0 | 1 | 55 |
| 6 | RADARDP | 1 | 0 | 0 | 15 |
| 7 | NBIDGPS-1(Add.Class Room) | 3 | 3 | 0 | 100 |
| 8 | NBIDNNGPS-1(B/ Wall) | 1 | 1 | 0 | 100 |
| 9 | PEDP-4(Add.Class Room Size-26'-0"X19'-6") | 8 | 8 | 0 | 100 |
| 10 | PEDP-4(Add.Class Room Size-17'-4"x19"-6") | 2 | 2 | 0 | 100 |
| 11 | PEDP-4 (Maint.) | 7 | 7 | 0 | 100 |
| 12 | PEDP-4(B/wall) | 9 | 9 | 0 | 100 |
| 13 | PEDP-4 Maint.UEO | 1 | 1 | 0 | 100 |
| 14 | SupRB | 3 | 0 | 3 | 25 |
| 15 | GoB Maint.Road20-21 | 4 | 4 | 0 | 100 |
| 16 | GoB Maint.Road21-22 | 2 | 0 | 2 | 50 |
| 17 | CRMIDP | 1 | 0 | 1 | 80 |
| 18 | UPAZILA COMPLEX | 1 | 0 | 1 | 70 |
| 19 | VRRP(Maint) | 4 | 0 | 0 | 0 |
| 20 | UTMIDP | 2 | 2 | 0 | 100 |
| 21 | UGDP | 3 | 0 | 2 | 50 |
| 22 | ADP(2021-22) | Tender on going | | | |

উপরোক্ত প্রকল্পের কার্যক্রমগুলি স্বাভাবিক ভাবে চলমান।

| | | | |
|---|---|---|---|
| ০৬. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, টিকা কার্যক্রম শেষ পর্যায়ে ১,৮৯,২৭৭ জনের মধ্যে ৭১% ২য় ডোজ ৭২% প্রয়োগ করা হয়েছে। আগামী ২ থেকে ৩ দিনের মধ্যে বিভিন্ন ক্যাটগরি মধ্যে হাম জ্বর র‍্যাম এর রক্ষণ সংযুক্ত বাচ্চাদের জন্য টিকা প্রয়োগ করা হচ্ছে এবং বুষ্টার ডোজ টিকা দেওয়া হচ্ছে। অত্র উপজেলায় ডায়গনষ্টিক সেন্টার ও ক্লিনিকে ভ্রাম্যমান আদালত পরিচালনা করলে সঠিকভাবে চলবে। করোনা সংক্রমন যেন বৃদ্ধি না পায় সেজন্য সকলকে মাস্ক পরিধান ও সাবান দিয়ে হাত ধোয়া এবং স্যানিটাইজার ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২০২২ মাসে পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্ন চকে উল্লেখ করা হলো। জানুয়ারি/২০২২ খ্রিঃ মাসের সক্ষম দম্পতি=৩৪,৭৭১ জন, গ্রহনকারী=২৮,৭০৪ জন সি.এ.আর ৮২.৫৫% গর্ভবতী সংখ্যা=১,০৪০ জন। কাজের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রথীকার বিত্তিক জনসেবা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর। |

(চলমান পাতা-২)

| ক্রমনং | পদ্ধতির নাম | সেবা গ্রহনকারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) | ০৫ জন | |
| ০২. | আইইউডি | ১০ জন | |
| ০৩. | ইমপ্লান্ট | ২৫ জন | |
| ০৪. | খাবার বড়ি (সুখী/আপন) | ৬৬৯ জন | |
| ০৫. | কনডম | ২৭ জন | |
| ০৬. | ইনজেকশন | ১৬১ জন | |
| ০৭. | গর্ভকালীন সেবা | ৫৬৯ জন | |
| ০৮. | ডেলিভারী সেবা | ১২৬ জন | |
| ০৯. | প্রসবোত্তর সেবা | ১৫৪ জন | |
| ১০. | শিশু সেবা (০-৫৯) | ৩২০ জন | |
| ১১. | সাধারন রোগী সেবা (পুরুষ+মহিলা) | ১,৫১২ জন | |
| ১২. | পুষ্টি সেবা (গর্ভবতী ও ০-২৩ মাস বয়সী শিশুর মা এবং ০-৫৯ মাস বয়সী শিশু) | ১,৮১০ জন | |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | উপজেলা কৃষি দপ্তর ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ মৌসুমে বোর রোপন কার্যক্রম চলমান রয়েচে। রাজস্ব খাতের আওতায় ২০টি এবং রংপুর বিভাগ কৃষি ও গ্রামীন উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪টি রোপা আমন প্রদর্শনী বাস্তবায়িত হচ্ছে। এছাড়া আধুনিক প্রযুক্তি মাধ্যমে উন্নতমানের ধান, গম, ভুট্টা ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ হয়েছে।<br>'অনাবদি পতিত জমি ও বসত বাড়ির আঙ্গিনায় পুষ্টি বাগান স্থাপন' প্রকল্পের আওতায় ১২টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে।<br>বর্তমানে মাঠে দন্ডায়মান রোপাআমন ধান রক্ষায় কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে,বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ভাবে বাস্তবায়ন চলছে। নির্ধারিত মূল্যে কৃষকদের দোড় গোড়ায় বীজ ও রাসায়নিক সার সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সরকারী নির্দেশনা যথাযথ ভাবে প্রয়োগ ও নির্ধারিত মূল্যে কৃষকদের মাঝে বীজ ও রাসায়নিক সার সরবরাহ করা এবং বাজারজাত করণের জন্য বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক বীজ বিশুদ্ধতা কার্যক্রম চলমান রয়েছে। তীব্র শীতে বোরো বীজতলা, গোলআলুসহ অন্যান্য রবি ফসল রক্ষার্থে কৃষক ভাইদের করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। | উপজেলা কৃষি দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ০৯. | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (১) ভিজিডি কার্যক্রমঃ অত্র উপজেলার ৬টি ইউনিয়নের ২০২০-২০২১ অর্থ বছরের (জানুয়ারি/২০২১ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত) ২৪ মাস মেয়াদী ভিজিডি সংখ্যা ২,২৫৮ জন বরাদ্দ পাওয়া গেছে। ডাটা এন্ট্রির এবং অনুমোদন কাজ সম্পন্ন করা হয়েছে। এপ্রিল/২০২২ মাসের ভিজিডি খাদ্যশস্য বিতরণ সম্পন্ন করা হয়েছে।<br>২। দরিদ্র মা'র জন্য মার্তত্বকাল ভাতা প্রদান কর্মসচীর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে ৫০×৬=৩০০ জনের জনের বরাদ্দ পাওয়া গেছে। উপকারভোগীগণের ডাটা এন্ট্রির এবং ব্যাংক হিসাব খোলার কাজ সম্পন্ন করা হয়েছে। পুনরায় দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের প্রতিটি ইউনিয়নে ১০×৬=৬০ জনের বরাদ্দ এবং পূর্বের প্রতিটি ইউনিয়নে ৮৪×৬=৫০৪ জনের বরাদ্দ সহ বর্তমান সর্বমোট=৮৬৪ জন ভাতাভোগীর কার্যক্রম চলমান রয়েছে। নতুন কোন বরাদ্দ পাওয়া যায়নি। ৩। ২০২১-২০২২ অর্থ বছরের কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় ২৬ জনের বরাদ্দ পাওয়া গেছে এবং ভাতভোগী নির্বাচনের কাজ সমাপ্ত হয়েছে। ভাতাভোগীর ব্যাংক হিসাব খোলা সমাপ্ত হয়েছে। এপর্যন্ত সর্ব মোট ৫২৬ জন ভাতাভোগীর কার্যক্রম চলমান রয়েছে। ৪। উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ঃ ২০২০-২০২১ অর্থ বছরে এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী সেলাই দর্জিবিজ্ঞান বিষয়ে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের কাজ চলমান রয়েছে। ৫। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন "উপজেলা পর্যয়ে মহিলাদের জন্য আয়বর্দ্ধক প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের ০২ (দুই) টি ট্রেডে জানুয়ারি/২০২২ হতে মার্চ/২০২২ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রতি কোর্সে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষানার্থীর প্রশিক্ষণের জন্য ১৪তম ও ১৫তম ব্যাচের মোট ১০০ জন প্রশিক্ষণার্থী নির্বাচন কার্যক্রম বন্ধ রয়েছে।৬। পৌরসভায় ০১ টি ও ০৬ টি ইউনিয়নে ০৬ টি মোট=৭টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ইহা ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং দাপ্তরিক কার্যক্রম বিধি বিধান অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক, কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরঃ<br>উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ঈদ-উল ফিতরের বিনা মূল্যে ১০কেজি হারে চাল বিতরনের জন্য সকলের সহযোগীহত চান। এছাড়া দপ্তরের কার্যক্রম নিয়ে বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরের কার্যক্রম সরকার কর্তৃক নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ হলরুমের দরজা জানালা নষ্ট হয়ে গেছে তাই দরজা জানালাগুলি উপজেলা পরিষদ হতে পুনঃ মেরামত করার জন্য সভায় অনুরোধ করেন এবং অত্র দপ্তরের কার্যক্রম নিম্নক্ত ছকের মাধ্যমে তুলে ধরা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে জনসাধারণের সেবাসমুহ পালনসহ প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ বোচাগঞ্জ,দিনাজপুর। |

| ক্রমিক | প্রকল্প/কর্মসূচীর নাম | সমিতি/দল | তহবিল প্রাপ্তি | প্রবৃদ্ধি | মোট তহবিল | ক্রমঃঋণ বিতরণ | ক্রমপুঞ্জিত আদায় | মাঠে বকেয়া | আদায় হার | খেলাপী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | আবর্তক ঋণ কর্মসূচী | ৩৪ | ৫৭.৬৫ | ৫.৩০ | ৬২.৯৫ | ২৬০.৩৩ | ২০৫.৯৪ | ৫৪.৩৯ | ১০০% | .৩৬ |
| ২ | সমাবিক প্রকল্প | ৭৩ | ৭৩.৫০ | ৫.৩২ | ৭৮.৮২ | ২৬৪.৫৪ | ১৮৮.৪১ | ৭৬.১৩ | ৭৬% | ৫৮.৫৫ |
| ৩ | পল্লী প্রগতি কর্মসূচী | ২৬ | ৩৫.৪৫ | ০,৮৬ | ৩৬.৩১ | ১০৩.০৭ | ৬৪.১২ | ৩৮.৯৫ | ৬৩% | ৩২.১২ |
| ৪ | বীর মুক্তিযোদ্ধা কর্মসূচী | - | ৪.১৮ | ০.৩১ | ৪.৪৯ | ৯.০৬ | ৫.৬৪ | ৩.৪২ | ৭৫% | ১.৮৯ |
| ৫ | কোভিড-১৯ প্রনোদনা ঋণ কর্মসূচী | - | ৩৮.৫০ | - | ৩৮.৫০ | ৩৮.৫০ | - | ৩৮.৫০ | ০% | - |
| ৬ | অপ্রধান শস্য প্রকল্প | ২২ | ২৫.০০ | ০.০৪ | ২৫.০৪ | ২০.৪৯ | ৯.৬১ | ১০.৮৮ | ১০০% | - |
| | সর্বমোট= | ১৫৫ | ২৩৪.২৮ | ১১.৮৩ | ২৪৬.১১ | ৬৯৫.৯৯ | ৪৭৩.৭২ | ২২২.২৭ | ৮৩% | ৯২.৯২ |

প্রকল্পের নামঃ পিআরডিপি-৩

| ইউনিয়নের নাম | ভিডিসি গঠন | | | | ইউসিসিএম | | | | প্রশিক্ষন অনুষ্ঠান | | | | ভিডিসি স্কীম বাস্তবায়ন | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপঞ্জিত | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপঞ্জিত | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপঞ্জিত | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপঞ্জিত |
| ১ নং নাফানগর | ১১ | ৩ | ৪ | ১৪ | ১৮ | ১২ | ৮ | ২৬ | ৫১০ জন | ৯০জন | ৬০জন | ৫৭০জন | ৮ | ৪ | ২ | ১০টি |
| ৩ নং মুশিদহাট | ১৪ | ৩ | ৩ | ১৭ | ২৯ | ১২ | ৮ | ৩৭ | ৫৭০জন | ৯০জন | ৬০জন | ৬৩০জন | ১৪ | ৪ | ২ | ১৬টি |
| ৬ নং রনগাঁও | ৯ | ৩ | ১ | ১০ | ১৭ | ০৯ | ৫ | ২২ | ৬০০জন | ৯০জন | ৬০জন | ৬৬০জন | ১০ | ৫ | - | ১০টি |
| সর্বমোট | ৩৪ | ৯ | ৮ | ৪১ | ৬৪ | ৩৩ | ২১ | ৮৫ | ১৬৮০জন | ২৭০জন | ১৮০জন | ১৮৬০জন | ৩২ | ১৩ | ৪ | ৩৬টি |

| | | | |
|---|---|---|---|
| ১২. | উপজেলা বন দপ্তর ঃ উপজেলা বন কর্মকর্তা জানান যে, ১। বোচাগঞ্জ উপজেলায় সংরক্ষিত বনভূমির পরিমান ১৮৪.৯৮ একর। ২। সামাজিক বনায়নের আওতায় সৃজিত স্ট্রিপ বাগানের পরিমাণ=৯৭.০০ কিঃ মিঃ। ৩। বোচাগঞ্জ উপজেলায় মোট ২১ টি করাত কল রহিয়াছে। তনমধ্যে ১৯ টি করাত কলের লাইসেন্স আছে বাকী ২টির আবেদন জমা প্রদান করেছেন। ৪। ইউনিয়ন পরিষদের চুক্তি অনুযায়ী মেয়াদ উত্তীর্ণ গাছের কর্তন প্রসঙ্গেঃ (ক) ১নং নাফানগর ইউনিয়নের ছোট সুলতানপুর নজরুল মাষ্টারের বাড়ী হতে রুহিগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ১১১টি ইউঃ গাছ (খ) বগুলাডাঙ্গী বাজার হতে সিরাজের বাড়ী পর্যন্ত ৮২৬টি ইউ গাছ (গ) ৩নং মুশিদহাট ইউনিয়নের জালগাঁও কুমার পাড়া রেলঘুন্টি হতে আটগাঁও নদীর ব্রীজ পর্যন্ত সোনাখাড়ি রাস্তার ৪৩৫টি ইউ গাছ। বন বিভাগের আওতায় সদ্য খননকৃত তুলাই নদীতে স্থানীয় উপকার ভোগী সদস্য নিয়ে মুকুন্দপুর মহারাজপুর হয়ে মতিজাপুর আখাপুর আটগাঁও ও হরিপুর হয়ে পুলহাট পর্যন্ত ২০২১-২০২২ ইং সনে ১৫.০০ কিঃমিঃ পূনাঃরায় বাগান সৃজনের প্রস্তাব অব্যশ্যক। এবং ৩নং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে উক্ত গাছগুলি ফলজ গাছ রপন করলে জনগন খেতে পারবেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা বন কর্মকর্তাকে যথাযথ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৩. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তরঃ উপজেলা সনস্বস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, ১। জনস্বাস্থ্য প্রকৌশণ অধিদপ্তর বোচাগঞ্জ, দিনাজপুর (সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প) এর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দকৃত ইউনিয়ন প্রতি ২৬টি হিসাবে মোট ১৫৬টি ৬নং পাম্পযুক্ত অগভীর তারা নলকুপ এর কাজ চলমান রয়েছে।<br>২। জিপিএস ও এনএনজিপিএস প্রকল্পের আওতায় বোচাগঞ্জ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে ১০টি ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আর্সেনিক মুক্ত টিউবয়েল স্থাপনসহ জনবান্ধব সকল কাজের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশ দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৪. | উপজেলা সমাজসেবা দপ্তরঃ উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রত্যাশী ও ভাতা প্রাপ্তির যোগ্য শতভাগ ব্যক্তির নিকট হতে বয়স্ক ভাতাভোগীর ক্ষেত্রে বয়স পুরুষ ন্যূনতম ৬৫ এবং মহিলা ন্যূনতম ৬২ বছর আবশ্যিকভাবে অনলাইনে আবেদন গত ১০/০৯/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত দাখিলকৃত নামের তালিকা বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা প্রাপ্তির যোগ্যদের নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভায় প্রেরণ করা হয়েছে এবং ইউনিয়ন কমিটি হতে নির্বাচিত তালিকা পাওয়া গেছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সামাজিক নিরাপত্তা কর্মসুচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা রংপুর বিভাগে নগদ এর মাধ্যমে ও শিক্ষা উপবৃত্তি বিতরণের জন্য হিসাবখোলার কার্যক্রম চলছে। প্রয়োজনীয় কার্যকরি ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৫. | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রানিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল বোচাগঞ্জ, দিনাজপুর এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। পি পি আর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রন প্রকল্পের আওতায় ৮০,০০০ (আশি হাজার) ছাগল ও ভেড়াকে পি পি আর রোগের টিকা প্রদান সর্ম্পন্ন হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসুচীর আওতায় প্রতি বছরের ন্যয় এবছরে ঔষধ ক্রয়ের জন্য ১,০০,০০০/-টাকা সহযোগীতা করার জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় প্রাণিসম্পদ দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পাতা-৪)

| | | | |
|---|---|---|---|
| ১৬. | উপজেলা মৎস্য দপ্তরঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, গত শনিবার রাতে টাঙ্গন নদীর কুকুরাডাঙ্গী অভয় আশ্রমে ১৫০-২০০ জন মানুষ একসাথে মাছ ধরে এবং অভয় আশ্রমটি সম্পূর্ণ অষ্ট করে ফেলে পরদিন থানায় একটি অভিযোগ দায়ের করা হয়। বোচাগঞ্জ উপজেলায় মোট ৩টি অভয় আশ্রম আছে। যা উপজেলার প্রাকৃতিক জ্বালাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির প্রধান সহায়ক। এই অভয় আশ্রমগুলো রক্ষা না করা গেলে বোচাগঞ্জ উপজেলার টাঙ্গন নদী এক সময় মাছ শুন্য হয়ে যাবে। সুতরাং অভয় আশ্রামগুলা রক্ষায় উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনের সকলের আন্তরিক সহযোগীতা কামনা করেন। এ ছাড়া দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র বোচাগঞ্জ উপজেলার অভয় আশ্রমগুলো রক্ষায় এবং মৎস্য দপ্তরের সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৭. | উপজেলা সমবায় দপ্তরঃ ১। সমবায় সমিতি সংক্রান্তঃ অত্র উপজেলায় ফেব্রুয়ারি/২০ খ্রিঃ পর্যন্ত মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১১৬টি। সমিতি গুলো সরকারি কোন প্রকার ঋণ/অনদান ছাড়ায় ক্ষুদ্রঋণ সঞ্চয়ের মাধ্যমে গঠিত তহবিল দ্বারা উন্নয়নমূলক কার্যক্রম এবং দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানের জন্য কাজ করে যাচ্ছে। ইতিমধ্যে সমিতিগুলো নিজেরস্ব অর্থায়নে ৪২ জন বেকার যুবক/যুবতিকে কর্মী হিসাবে নিয়োগ দেয়া হয়েছে এবং ২৫৫ জন সমবায়ী আত্মকর্মসংস্থান হয়েছে। ইহাছারা অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, এত্র উপজেলায় সমবায় দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৮. | উপজেলা শিক্ষা দপ্তরঃ সভায় উপজেলা শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, অত্র উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুতে প্রধান শিক্ষকগণ প্রায় সময় অনউপস্থিত থাকেন। সহকারী শিক্ষা অফিসারগণ সঠিকভাবে বিদ্যালয়গুলো পরিদর্শন করেনা তাই প্রধান শিক্ষকগণ বিদ্যালয়ে উপস্থিত পাওয়া যায় না। ইহা ছাড়া অত্র অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপবৃত্তির কার্যক্রম চলমান রয়েছে। আজ থেকে স্কুলের কার্যক্রম বন্ধ হয়ে যাবে। এবং তিনি জানান ঝরে পড়া শিক্ষার্থী বেড়ে গেছে। স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য শিক্ষার্থীদের পরামর্শ দেওয়া হচ্ছে। হেন্ড সেনিটাইজার ও হাত ধুয়ার সাবান পানির ব্যবস্থা রাখা হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় মাধ্যমিক শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ। |
| ২০. | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর |
| ২১. | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এবছর শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার এ্যাওয়ার্ড/২০২২ এ ৫নং ছাতইল ইউনিয়ন থেকে ০১ আবেদন পাওয়া গেছে। আবেদনকারী জনাব সুবোধচন্দ্র রায় পিতা-জিতেন্দ্র নাথ রায়, মাতা-মৃত-ঝমিল সাং-পলাশবাড়ী, বোচাগঞ্জ, দিনাজপুর এর দাখিলকৃত প্রস্তাবটির বিষয়ে প্রেরনের জন্য কমিটির সিদ্ধান্ত গ্রহনের অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, (১) অত্র প্রস্তাবটি জেলা কার্যালয়ে প্রেরনের সিদ্ধান্ত হয়। দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২২. | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, বোচাগঞ্জ উপজেলা পরিষদের ইউজিডিপি প্রকল্পের ৫ম পর্যায়ে (২০২০-২০২১) অর্থায়নে "বোচাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহ বিষয়ক উপ-প্রকল্পটি (আইডি নম্বর-INF-2020-2021-557221-03) উন্মুক্ত টেন্ডার পক্রিয়া ই-জিপির মাধ্যমে ঠিকাদারি প্রতিষ্ঠান একটিভ কেয়ার সার্জিক্যাল, তোপখানা, ঢাকা কর্তৃক সরবরাহ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সরবরাহ কার্যক্রম সম্পন্ন হয়েছে বিধায় ঠিকাদারি প্রতিষ্ঠান ১ম ও চূড়ান্ত বিলের জন্য আবেদন দাখিল করেছেন। তাই বিধি মোতাবেক ঠিকাদারি প্রতিষ্ঠানকে ১ম ও চূড়ান্ত বিল প্রদান করা প্রয়োজন। তিনি আরো জানান যে, ইউজিডিপি প্রকল্প অফিস মোট বিল থেকে ভ্যাট ও ট্যাক্স কর্তন করে ঠিকাদারের নীট বিল অনুমোদন প্রদান করবেন। অত:পর মাসিক সভায় অনুমোদনের জন্য তিনি বিলের স্থিরিত নিম্নে উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, ভ্যাট ও ট্যাক্সসহ ঠিকাদারের মোট বিল=৯,৪৯,০০০/-টাকা এবং মোট বিল থেকে ভ্যাট ও ট্যাক্স কর্তন সাপেক্ষে প্রাপ্য নীট বিল (ভ্যাট, ট্যাক্স ব্যতীত) =৮,৪৯,৩৫৫/-(আট লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত পঞ্চান্ন) টাকা মাত্র অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিল প্রয়োজনীয় ডকুমেন্টসহ জরুরী ভিত্তিতে ইউজিডিপি প্রকল্প অফিস ঢাকায় প্রেরণ করার জন্য উপজেলা প্রকৌশলী ও ইউএিফকে দায়িত্ব প্রদান করা হয়। | উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

| অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের নাম | উপ-পকল্প নম্বর | চুক্তিমূল্য | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল (ভ্যাট ও ক্যাক্সসহ) | আইটি | ভ্যাট | ঠিকাদারের প্রাপ্য নীট বিল (ভ্যাট ট্যাক্স ব্যতীত) |
|---|---|---|---|---|---|---|
| বোচাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহ বিষয়ক উপ-প্রকল্প | INF-2020-2021-557221-03 | ৯,৪৯,০০০/- | ৯,৪৯,০০০/- | ২৮,৪৭০/- | ৭১,১৭৫/- | ৮,৪৯,৩৫৫/- |

(চলমান পাতা-৫)

| | | | |
|---|---|---|---|
| ২৩. বিবিধ (ক) | সভায় উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, অত্র উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত জনাব মোঃ মজিবর রহমান সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও জনাব মোঃ হুমায়ুন কবির জীপ চালক, উপজেলা পরিষদ কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুরদ্বয়ের চাকুরি কাল ১৫/০৩/২০২২ খ্রিঃ তারিখে ১০(দশ) বছর পুর্ণ হওয়ায় উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেন এস,আর,ও নং ৩৭০ আইন/জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুচ্ছেদ ০৭(১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১-৯-২০১৬ খ্রিঃ তারিকের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপাঅনুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক কোন কর্মচারী পদন্নতি ব্যতিরেকে একই পদে ১০(দশ) বছর পূর্তিতে চাকুরিকাল সন্তোষজনক হওয়া সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে ১১(এগার) তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন ভাতা প্রাপ্য হবেন। সে মোতাবেক উক্ত কর্মচারীদ্বয় ১৬/০৩/২০২২ খ্রিঃ হতে উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী তাদেরকে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদান পূর্বক ১০২০০-২৪৬৮০/- টাকার বেতনক্রম হতে ১১০০০-২৬৫৯০/-টাকার বেতনক্রম (১৪তম গ্রেড হতে ১৩তম গ্রেডে) ও ৯০৩০০-২২৪৯০/-টাকার বেতনক্রম হতে ৯৭০০-২৩৪৯০/-টাকার বেতনক্রম (১৬তম গ্রেড হতে ১৫তম গ্রেডে) উচ্চতর গ্রেড স্কেল মঞ্জুর করার বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন | সভায় বিস্তারিত আলোচনান্তে, বোচাগঞ্জ উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত জনাব মোঃ মজিবর রহমান সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও জনাব মোঃ হুমায়ুন কবির জীপ চালক, উপজেলা পরিষদ কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুরদ্বয়ের চাকুরি কাল ১৫/০৩/২০২২ খ্রিঃ তারিখে ১০(দশ) বছর পুর্ণ হওয়ায় এস,আর,ও নং ৩৭০ আইন/ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুচ্ছেদ ০৭(১) অনুযায়ী এবং বাস্তবায়ন অনুবিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১-৯-২০১৬ খ্রিঃ তারিকের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১)-২৩২ নং পরিপত্রের অনুচ্ছেদ (গ) উপাঅনুচ্ছেদ (৩) এর নির্দেশনা মোতাবেক কোন কর্মচারী পদন্নতি ব্যতিরেকে একই পদে ১০(দশ) বছর পূর্তিতে ১৬/০৩/২০২২ খ্রিঃ থেকে জাতীয় বেতস্কেল ২০১৫ চাকুরিকাল সন্তোষজনক হওয়ায় অনুযায়ী তাদেরকে পরবর্তী উচ্চতর গ্রেড প্রদান পূর্বক ১০২০০-২৪৬৮০/- টাকার বেতনক্রম হতে ১১০০০-২৬৫৯০/-টাকার বেতনক্রম (১৪তম গ্রেড হতে ১৩তম গ্রেডে) ও ৯০৩০০-২২৪৯০/-টাকার বেতনক্রম হতে ৯৭০০-২৩৪৯০/-টাকার বেতনক্রম (১৬তম গ্রেড হতে ১৫তম গ্রেডে) উচ্চতর গ্রেড স্কেল মঞ্জুর করার বিসয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা, পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর। |

উপজেলা নির্বাহী অফিসার সকল কর্মকর্তাগণকে একনিষ্ঠভাবে তাদের ওপর অর্পিত দায়িত্ব প্রতিপালন করার আহবান জানান এবং শুভেচ্ছা জ্ঞাপন করে সভাপতি মহোদয়কে সভা সমাপ্তি ঘোষণার জন্য অনুরোধ করেন।

অত্র সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর জনাব মোঃ জুলফিকার হোসেন, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর অত্র উপজেলাবাসীর কল্যাণে ও দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ ম্যানুয়াল মোতাবেক একনিষ্ঠভাবে জনগণের কাজ করার আহ্বান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-২০/০৪/২০২২ খ্রিঃ।
(মোঃ জুলফিকার হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
মোবাইলঃ-০১৭১১-০০০২৬২।
ফান ঃ ০৫৩২৫-৭৩৪০০।

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০১.১৫-২০১৮-৪৩০(৪০)

তারিখ ঃ ২০/০৪/২০২২ খ্রিঃ।

ক্রঃনং **অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। মাননীয় সংসদ সদস্য,৭-দিনাজপুর-২ উপদেষ্টা, উপজেলা পরিষদ ও প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৬। মেয়র, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৭। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৮। ভাইস চেয়ারম্যান (মহিলা),উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৯। উপজেলা.................................................................................কর্মকর্তা,বোচাগঞ্জ,দিনাজপুর।
১০। অফিসার ইনচার্জ, বোচাগঞ্জ থানা,দিনাজপুর।
১১। চেয়ারম্যান.......................................ইউনিয়ন পরিষদ(সকল), বোচাগঞ্জ, দিনাজপুর।
১২। রুপন কুমার সরকার, আইসিটি টেকনিশিয়ান, উপজেলা পরিষদ কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুরকে (উপজেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। অফিস কপি।

20/08/2022
(ছন্দা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏০৫৩২৫-৭৩০০৯
unobochaganj@mopa.gov.bd

উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এর মে/২০২২ মাসের মাসিক সধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ এ্যাডভোকেট মোঃ জুলফিকার হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তরিখ ঃ ১২/০৫/২০২২ খ্রিঃ।
সময় ঃ সকাল-১১.০০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও এবং উপজেলা পরিষদদের ১৭টি কমিটির পুনঃগঠন কাঠামো পরিশিষ্ট 'ঘ' তে দেখানো হলো।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সকল সদস্যগণকে শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানান। সভায় চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়সহ সকল কর্মকর্তা-কর্মচারী ও ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা অভিনন্দন জানান। তিনি পরস্পরের সহযোগিতায় একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং সম্মানীত উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়কে সভা শুরু করার অনুমতি প্রদানের জন্য অনুরোধ করেন।

সভার শুরুতে জনাব এ্যাডভোকেট মোঃ জুলফিকার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর অদ্যকার সভার সভাপতি সকল সদস্যগণকে আন্তরিক শুভেচ্ছা জানান । তিনি পরিষদের ন্যস্ত দপ্তর ও অন্যান্য দপ্তরসমূহকে জনগণকে সেবা দেওয়া ও একত্রে কাজ করার আহ্বান জানান। অতপর সভাপতি সভারকার্য পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ জানান উপজেলা নির্বাহী অফিসার সকল সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ<br>গত-২০/০৪/২০২২ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হলো। | গত-২০/০৪/২০২২ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ১২/০৫/২০২২ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০২. | সভায় উপজেলার সকল দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং তাদের সেবাসমূহ প্রচারের মাধ্যমে জনসাধারণকে জানানোর পাশাপাশি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানকে তাদের সেবাসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করাসহ উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধানগণ। |
| ০৩. | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি সম্পর্কিত আলোচনা ঃ<br>সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির সভাসমূহের কার্যক্রম নিয়মিত সভা করার জন্য দপ্তর প্রধানগণকে ও উপজেলা পরিষদকে কার্যকর করার লক্ষে ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকলের দৃষ্টি আর্কষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে ১৭টি গঠিত স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি। |

উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের কার্যক্রম প্রসঙ্গে ঃ

| | | | |
|---|---|---|---|
| ০৪. | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্তঃ ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর এপ্রিল/২০২২ মাসের সম্মানী ভাতা=৯৪,০০০/-টাকা। ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের ভ্রমন ভাতা বিল (১৮দিন×৬২৫)=১১,২৫০/-টাক। ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের ভ্রমন ভাতা বিল (১৮×৭০০)=১২,৬০০/-টাকা। ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের ভ্রমন ভাতা বিল (১৮×৭০০)=১২,৬০০/-টাকা। ৫। উপজেলা পরিষদ কার্যালয়ের আইসিটি টেকনিশিয়ান এর এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (২৭দিন×৫৫০)=১৪,৮৫০/-টাকা। ৬। উপজেলা পরিষদ কার্যালয়ের মালী এর এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (২৭দিন×৫৫০) =১৪,৮৫০/-টাকা। ৭। উপজেলা পরিষদ কার্যালয়ের সুইপার/ পরিচ্ছন্নকর্মী এর এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (২৭দিন×৫৫০) =১৪,৮৫০/-টাকা। ৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় অফিস আপ্যায়ন বাবদ ব্যয় এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের=৩৮,০০০/-টাকা। ৯। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় অফিস আনুসাঙ্গীক বাবদ ব্যয় এপ্রিল/২০২২ খ্রিঃ মাসের=৫,০০০/- টাকা। ১০। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদ বাসাবাড়ি মেরামত খাত হতে উপরিষদ হলরুমের ফ্যান ও ইলেকট্রিক বাল্ব ক্রয় বাবাদ বিল=২৫,০০০/-টাকা। ১১। উপজেলা পরিষদ এর পাজেরো জীপ গাড়ী নং দিনাজপুর-ঘ-১১-০০৫৫ | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খাতসমূহের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়উত্তর অনুমোদন দেয়া হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার বোচাগঞ্জ,দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | জ্বালানী তেন ও লুব্রিকেন্ট বাবদ বিল=৭৪,৭৭১/-(চুয়াত্তর হাজার সাতশত একাত্তর) টাকা। ১২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদ বাসাবাড়ি মেরামত খাত হতে ৪/২ বাসা পুনঃ মেরামত বাবাদ বিল=২৫,০০০/-টাকা | | |
| ০৫. | উপজেলা প্রকৌশলী দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী জানান যে,<br>এত উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম নিম্নে প্রদত্ত হলো ও পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্নোক্ত ছকে উল্লেখ পূর্বক আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সভায় উপস্থাপিত প্রকল্পগুলি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিষদ বোচাগঞ্জ,দিনাজপুর। |

চলমান স্কীমসমূহঃ

| Sl. No | Name of Project | Total Schemes(Nos) | Completed Workes (Nos) | Running Workes(nos) | %Compleantion of Running Workes |
|---|---|---|---|---|---|
| 1 | IRIDP-3 | 4 | 2 | 2 | 55 |
| 2 | RCIP | 1 | 0 | 1 | 80 |
| 3 | RDRIIP-2 | 15 | 14 | 1 | 95 |
| 4 | TULO | 1 | 1 | 0 | 100 |
| 5 | CBU | 1 | 0 | 1 | 55 |
| 6 | RADARDP | 1 | 0 | 0 | 15 |
| 7 | NBIDGPS-1(Add.Class Room) | 3 | 3 | 0 | 100 |
| 8 | NBIDNNGPS-1(B/ Wall) | 1 | 1 | 0 | 100 |
| 9 | PEDP-4(Add.Class Room Size-26'-0"X19'-6") | 8 | 8 | 0 | 100 |
| 10 | PEDP-4(Add.Class Room Size-17'-4"x19"-6") | 2 | 2 | 0 | 100 |
| 11 | PEDP-4 (Maint.) | 7 | 7 | 0 | 100 |
| 12 | PEDP-4(B/wall) | 9 | 9 | 0 | 100 |
| 13 | PEDP-4 Maint.UEO | 1 | 1 | 0 | 100 |
| 14 | SupRB | 3 | 0 | 3 | 25 |
| 15 | GoB Maint.Road20-21 | 4 | 4 | 0 | 100 |
| 16 | GoB Maint.Road21-22 | 2 | 0 | 2 | 50 |
| 17 | CRMIDP | 1 | 0 | 1 | 80 |
| 18 | UPAZILA COMPLEX | 1 | 0 | 1 | 70 |
| 19 | VRRP(Maint) | 4 | 0 | 0 | 0 |
| 20 | UTMIDP | 2 | 2 | 0 | 100 |
| 21 | UGDP | 3 | 0 | 2 | 50 |
| 22 | ADP(2021-22) | Tender on going | | | |

উপরোক্ত প্রকল্পের কার্যক্রমগুলি স্বাভাবিক ভাবে চলমান।

| | | | |
|---|---|---|---|
| ০৬. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এখন পর্যন্ত করনা ভাইরাস পরিস্থিতি স্বাভাবিক আছে। বর্তমানে ডায়রিয়া রোগ খুব বেড়ে গেছে। গত মাসে ডায়রিয়া রোগে আক্রান্ত হয়ে ৭০জন রুগী হাসপাতালে ভর্তি হয়। তাই খাওয়ার আগে ভালোভাবে হাত ধুয়ে খাবার খেতে হবে। ডায়রিয়া সেলাইন সরবরাহ নাই। আমরা ডাইরিয়া সেলাইন সরবরাহের জন্য চেষ্টা চালাচ্ছি। হাম ২থেকে ১টি দেখা যাচ্ছে। এরকম রুগী দেখা গেলে হাসপাতালে পাঠিয়ে দেওয়ার জন্য সকলকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২০২২ মাসে পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্ন চকে উল্লেখ করা হলো। জানুয়ারি/২০২২ খ্রিঃ মাসের সক্ষম দম্পতি=৩৪,৭৭১ জন, গ্রহনকারী=২৮,৭০৪ জন সি.এ.আর ৮২.৫৫% গর্ভবতী সংখ্যা=১,০৪০ জন। কাজের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধীকার বিত্তিক জনসেবা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর। |

| ক্রঃনং | পদ্ধতির নাম | সেবা গ্রহনকারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) | ০৫ জন | |

(চলমান পাতা-২)

| | | | |
|---|---|---|---|
| ০২. | আইইউডি | ১০ জন | |
| ০৩. | ইমপ্লান্ট | ২৫ জন | |
| ০৪. | খাবার বড়ি (সুখী/আপন) | ৬৬৯ জন | |
| ০৫. | কনডম | ২৭ জন | |
| ০৬. | ইনজেকশন | ১৬১ জন | |
| ০৭. | গর্ভকালীন সেবা | ৫৬৯ জন | |
| ০৮. | ডেলিভারী সেবা | ১২৬ জন | |
| ০৯. | প্রসবোত্তর সেবা | ১৫৪ জন | |
| ১০. | শিশু সেবা (০-৫৯) | ৩২০ জন | |
| ১১. | সাধারন রোগী সেবা (পুরুষ+মহিলা) | ১,৫১২ জন | |
| ১২. | পুষ্টি সেবা (গর্ভবতী ও ০-২৩ মাস বয়সী শিশুর মা এবং ০-৫৯ মাস বয়সী শিশু) | ১,৮১০ জন | |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | উপজেলা কৃষি দপ্তর ঃ উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ মৌসুমে বোর রোপন কার্যক্রম চলমান রয়েচে। রাজস্ব খাতের আওতায় ২০টি এবং রংপুর বিভাগ কৃষি ও গ্রামীন উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪টি রোপা আমন প্রদর্শনী বাস্তবায়িত হচ্ছে। এছাড়া আধুনিক প্রযুক্তি মাধ্যমে উন্নতমানের ধান, গম, ভুট্টা ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ হয়েছে।<br>'অনাবদি পতিত জমি ও বসত বাড়ির আঙ্গিনায় পুষ্টি বাগান স্থাপন' প্রকল্পের আওতায় ১২টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে।<br>বর্তমানে মাঠে দন্ডায়মান রোপাআমন ধান রক্ষায় কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে,বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ভাবে বাস্তবায়ন চলছে। নির্ধারিত মূল্যে কৃষকদের দোড় গোড়ায় বীজ ও রাসায়নিক সার সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সরকারী নির্দেশনা যথাযথ ভাবে প্রয়োগ ও নির্ধারিত মূল্যে কৃষকদের মাঝে বীজ ও রাসায়নিক সার সরবরাহ করা এবং বাজারজাত করণের জন্য বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক বীজ বিশুদ্ধতা কার্যক্রম চলমান রয়েছে। তীব্র শীতে বোরো বীজতলা, গোলআলুসহ অন্যান্য রবি ফসল রক্ষার্থে কৃষক ভাইদের করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। | উপজেলা কৃষি দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ০৯. | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (১) ভিজিডি কার্যক্রমঃ অত্র উপজেলার ৬টি ইউনিয়নের ২০২০-২০২১ অর্থ বছরের (জানুয়ারি/২০২১ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত) ২৪ মাস মেয়াদী ভিজিডি সংখ্যা ২,২৫৮ জন বরাদ্দ পাওয়া গেছে। ডাটা এন্ট্রির এবং অনুমোদন কাজ সম্পন্ন করা হয়েছে। এপ্রিল/২০২২ মাসের ভিজিডি খাদ্যশস্য বিতরণ সম্পন্ন করা হয়েছে।<br>২। দরিদ্র মা'র জন্য মার্তত্বকাল ভাতা প্রদান কর্মসচীর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে ৫০×৬=৩০০ জনের জনের বরাদ্দ পাওয়া গেছে। উপকারভোগীগণের ডাটা এন্ট্রির এবং ব্যাংক হিসাব খোলার কাজ সম্পন্ন করা হয়েছে। পুনরায় দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের প্রতিটি ইউনিয়নে ১০×৬=৬০ জনের বরাদ্দ এবং পূর্বের প্রতিটি ইউনিয়নে ৮৪×৬=৫০৪ জনের বরাদ্দ সহ বর্তমান সর্বমোট=৮৬৪ জন ভাতাভোগীর কার্যক্রম চলমান রয়েছে। নতুন কোন বরাদ্দ পাওয়া যায়নি। ৩। ২০২১-২০২২ অর্থ বছরের কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসুচীর আওতায় ২৬ জনের বরাদ্দ পাওয়া গেছে এবং ভাতভোগী নির্বাচনের কাজ সমাপ্ত হয়েছে। ভাতাভোগীর ব্যাংক হিসাব খোলা সমাপ্ত হয়েছে। এপর্যন্ত সর্ব মোট ৫২৬ জন ভাতাভোগীর কার্যক্রম চলমান রয়েছে। ৪। উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ঃ ২০২০-২০২১ অর্থ বছরে এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী সেলাই প্রশিক্ষণ (দর্জি বিজ্ঞাণ) বিষয়ে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ৫। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন "উপজেলা পর্যয়ে মহিলাদের জন্য আয়বর্দ্ধক প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের ০২ (দুই) টি ট্রেডে এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রতি কোর্সে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষাণার্থীর প্রশিক্ষণের জন্য ১৪তম ও ১৫তম ব্যাচের মোট ১০০ জন প্রশিক্ষণার্থী নির্বাচন কার্যক্রম সম্পন্ন হয়েছে। ক্রিস্টাল শো-পিচ কোর্সের ০১ জন প্রশিক্ষক মাতৃত্বকালীন ছুটিতে থাকায় উক্ত প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। ৬। পৌরসভায় ০১ টি ও ০৬ টি ইউনিয়নে ০৬ টি মোট ৭টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ইহা ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং দাপ্তরিক কার্যক্রম বিধি বিধান অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক, কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরঃ<br>উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ঈদ-উল ফিতরের বিনা মূল্যে ১০কেজি হারে চাল বিতরনের জন্য সকলের সহযোগীহত চান। এছাড়া দপ্তরের কার্যক্রম নিয়ে বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরের কার্যক্রম সরকার কর্তৃক নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পাতা-৩)

| | | | |
|---|---|---|---|
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ হলরুমের দরজা জানালা নষ্ট হয়ে গেছে তাই দরজা জানালাগুলি উপজেলা পরিষদ হতে পুনঃ মেরামত করার জন্য সভায় অনুরোধ করেন এবং অত্র দপ্তরের কার্যক্রম নিম্নক্ত ছকের মাধ্যমে তুলে ধরা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে জনসাধারণের সেবাসমুহ পালনসহ প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

| ক্রনং | প্রকল্প/কর্মসূচীর নাম | সমিতি/দল | তহবিল প্রাপ্তি | বৃদ্ধি | মোট তহবিল | ক্রমপুঞ্জ ঋণ বিতরণ | ক্রমপুঞ্জিত আদায় | মাঠে বকেয়া | আদায় হার | খেলাপী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | আবর্তক ঋণ কর্মসূচী | ৩৪ | ৫৭.৬৫ | ৫.৩০ | ৬২.৯৫ | ২৬০.৩৩ | ২০৫.৯৪ | ৫৪.৩৯ | ১০০% | .৩৬ |
| ২ | সমাবিক প্রকল্প | ৭৩ | ৭৩.৫০ | ৫.৩২ | ৭৮.৮২ | ২৬৪.৫৪ | ১৮৮.৪১ | ৭৬.১৩ | ৭৬% | ৫৮.৫৫ |
| ৩ | পল্লী প্রগতি কর্মসূচী | ২৬ | ৩৫.৪৫ | ০.৮৬ | ৩৬.৩১ | ১০৩.০৭ | ৬৪.১২ | ৩৮.৯৫ | ৬৩% | ৩২.১২ |
| ৪ | বীর মুক্তিযোদ্ধা কর্মসূচী | - | ৪.১৮ | ০.৩১ | ৪.৪৯ | ৯.০৬ | ৫.৬৪ | ৩.৪২ | ৭৫% | ১.৮৯ |
| ৫ | কোভিড-১৯ প্রনোদনা ঋণ কর্মসূচী | - | ৩৮.৫০ | - | ৩৮.৫০ | ৩৮.৫০ | - | ৩৮.৫০ | ০% | - |
| ৬ | অপ্রধান শস্য প্রকল্প | ২২ | ২৫.০০ | ০.০৪ | ২৫.০৪ | ২০.৪৯ | ৯.৬১ | ১০.৮৮ | ১০০% | - |
| | সর্বমোট= | ১৫৫ | ২৩৪.২৮ | ১১.৮৩ | ২৪৬.১১ | ৬৯৫.৯৯ | ৪৭৩.৭২ | ২২২.২৭ | ৮৩% | ৯২.৯২ |

প্রকল্পের নামঃ পিআরডিপি-৩

| ইউনিয়নের নাম | ভিডিসি গঠন | | | | ইউসিসিএম | | | | প্রশিক্ষণ অনুষ্ঠান | | | | ভিডিসি স্কীম বাস্তবায়ন | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপুঞ্জিত | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপুঞ্জিত | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপুঞ্জিত | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপুঞ্জিত |
| ১ নং নাফানগর | ১১ | ৩ | ৪ | ১৪ | ১৮ | ১২ | ৮ | ২৬ | ৫১০ জন | ৯০জন | ৬০জন | ৫৭০জন | ৮ | ৪ | ২ | ১০টি |
| ৩ নং মুশিদহাট | ১৪ | ৩ | ৩ | ১৭ | ২৯ | ১২ | ৮ | ৩৭ | ৫৭০জন | ৯০জন | ৬০জন | ৬৩০জন | ১৪ | ৪ | ২ | ১৬টি |
| ৬ নং রনগাঁও | ৯ | ৩ | ১ | ১০ | ১৭ | ০৯ | ৫ | ২২ | ৬০০জন | ৯০জন | ৬০জন | ৬৬০জন | ১০ | ৫ | - | ১০টি |
| সর্বমোট | ৩৪ | ৯ | ৮ | ৪১ | ৬৪ | ৩৩ | ২১ | ৮৫ | ১৬৮০জন | ২৭০জন | ১৮০জন | ১৮৬০জন | ৩২ | ১৩ | ৪ | ৩৬টি |

| | | | |
|---|---|---|---|
| ১২. | উপজেলা বন দপ্তর ঃ উপজেলা বন কর্মকর্তা জানান যে, ১। বোচাগঞ্জ উপজেলায় সংরক্ষিত বনভূমির পরিমান ১৮৪.৯৮ একর। ২। সামাজিক বনায়নের আওতায় সৃজিত স্ট্রিপ বাগানের পরিমাণ=৯৭.০০ কিঃ মিঃ। ৩। বোচাগঞ্জ উপজেলায় মোট ২১ টি করাত কল রহিয়াছে। তনমধ্যে ১৯ টি করাত কলের লাইসেন্স আছে বাকী ২টির আবেদন জমা প্রদান করেছেন। ৪। ইউনিয়ন পরিষদের চুক্তি অনুযায়ী মেয়াদ উত্তীর্ণ গাছের কর্তন প্রসঙ্গেঃ (ক) ১নং নাফানগর ইউনিয়নের ছোট সুলতানপুর নজরুল মাষ্টারের বাড়ী হতে রুহিগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ১১১টি ইউঃ গাছ (খ) বগুলাডাঙ্গী বাজার হতে সিরাজের বাড়ী পর্যন্ত ৮২৬টি ইউ গাছ (গ) ৩নং মুশিদহাট ইউনিয়নের জালগাঁও কুমার পাড়া রেলঘুন্টি হতে আটগাঁও নদীর ব্রীজ পর্যন্ত সোনাখাড়ি রাস্তার ৪৩৫টি ইউ গাছ। বন বিভাগের আওতায় সদ্য খননকৃত তুলাই নদীতে স্থানীয় উপকার ভোগী সদস্য নিয়ে মুকুন্দপুর মহারাজপুর হয়ে মতিজাপুর আখাপুর আটগাঁও ও হরিপুর হয়ে পুলহাট পর্যন্ত ২০২১-২০২২ ইং সনে ১৫.০০ কিঃমিঃ পুনাঃরায় বাগান সৃজনের প্রস্তাব অব্যশ্যক। এবং ৩নং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে উক্ত গাছগুলি ফলজ গাছ রপন করলে জনগন খেতে পারবেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা বন কর্মকর্তাকে যথাযথ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৩. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তরঃ উপজেলা সনস্বস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, ১। জনস্বাস্থ্য প্রকৌশণ অধিদপ্তর বোচাগঞ্জ, দিনাজপুর (সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প) এর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দকৃত ইউনিয়ন প্রতি ২৬টি হিসাবে মোট ১৫৬টি ৬নং পাম্পযুক্ত অগভীর তারা নলকূপ এর কাজ চলমান রয়েছে।<br>২। জিপিএস ও এনএনজিপিএস প্রকল্পের আওতায় বোচাগঞ্জ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে ১০টি ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আর্সেনিক মুক্ত টিউবয়েল স্থাপনসহ জনবান্ধব সকল কাজের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশ দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৪. | উপজেলা সমাজসেবা দপ্তরঃ উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধীভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা ও অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি এপ্রিল, ২০২২ পর্যন্ত পে-রোল প্রেরণ করার পূর্বে মৃত/নিরুদ্দেশজনিত কারনে নতুন ব্যক্তিকে প্রতিস্থাপনের জন্য নামের তালিকা মৃত্যুর সনদ প্রদানের জন্য মেয়র/ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানান। (২) পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস), পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ঋণ আদায় ও বিনিয়োগ এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে। (৩) আশ্রয়ণ প্রকল্পের ( মুরারীপুর মুক্তিযোদ্ধা আবাসন) ঋণ আদায় সন্তোষজনক না হওয়ায় উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর মহোদয় পত্র প্রেরণ করেছেন বিধায় সভায় অবহিত করেন এবং সংশ্লিষ্টি ইউপি চেয়ারম্যান মহোদয়কে এ ব্যাপারে সহযোগীতার আহবান জানান। (৪) ২০২১-২০২২ অর্থবছরে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত ৮টি বেসরকারী এতিমখানায় নিবাসীদের জন্য পৌর মেয়র/ সংশ্লিষ্টি ইউপি চেয়ারম্যান প্রদত্ত প্রত্যয়নপত্র সংরক্ষণ ও বিল সংশ্লিষ্ট এতিমখানার সভাপতি/সম্পাদকগণকে পত্র দেওয়ার পর অবশিষ্ট ১টি এতিমখানার ১,৫৬,০০০/-(এক লক্ষ ছাপান্ন হাজার) টাকার বিল ট্রেজারী অফিস হতে পাশ হয়েছে এ ব্যাপারে ক্রচ চেক প্রদান করা হয়েছে।(৫) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত ক্যান্সার/ কিডনী/ লিভার সিরোসিস/স্ট্রোকে প্যারালাইজড/ জন্মগত হৃদরোগ এবং | সভায় বিস্তারিত আলোচনান্তে, সামাজিক নিরাপত্তা কর্মসুচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা রংপুর বিভাগে নগদ এর মাধ্যমে ও শিক্ষা উপবৃত্তি বিতরণের জন্য হিসাবখোলার কার্যক্রম চলছে। প্রয়োজনীয় কার্যকরি ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পাতা-৪)

| | | | |
|---|---|---|---|
| | থ্যালাসেমিয়ায় আক্রান্ত রেগীদের আর্থিক সহায়তার জন্য চলতি অর্থ বছরে (২০২১-২০২২) মোট ২০জন রোগীকে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা চিকিৎসার জন্য অনুদানের চেক বিতরন করা হয়েছে এবং আবেদন গ্রহণ চলমান আছে। (৬) উপজেলা সমাজসেবা কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুর এর গণমিলনায়তন কেন্দ্র কাম অফিস কার্যক্রম পরিচালিত হচ্ছে পরিষদের ১০(দশ) শতক জমির উপর। ২০২১-২০২২ অর্থ বছরে অফিস ভবন মেরামত ও সংযোগ তৈরীর জন্য ১টি মেহগনি চারা গাছ কর্তন করা প্রয়োজন এবং টিনের উপরের বটগাছের ডাল ও মেহগনি গাছের ডাল কর্তনের জন্য বিস্তারিত আলোচনা করেন। (৬) রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম, বোচাগঞ্জ, থানায় অসহায় রোগীকে ঔষধ প্রদানের জন্য সহায়তা কার্যক্রম পরিচালনার জন্য ২০২১-২০২২ অর্থ বছরে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার বরাদ্দ অনলাইনে ব্যাংক হিসাবে হয়েছে। | | |
| ১৫. | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রানিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল বোচাগঞ্জ, দিনাজপুর এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। পি পি আর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রন প্রকল্পের আওতায় ৮০,০০০ (আশি হাজার) ছাগল ও ভেড়াকে পি পি আর রোগের টিকা প্রদান সম্পর্ন্ন হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসুচীর আওতায় প্রতি বছরের ন্যয় এবছরে ঔষধ ক্রয়ের জন্য ১,০০,০০০/-টাকা সহযোগীতা করার জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় প্রাণিসম্পদ দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৬. | উপজেলা মৎস্য দপ্তরঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, গত শনিবার রাতে টাঙ্গন নদীর কুকুরাডাঙ্গী অভয় আশ্রমে ১৫০-২০০ জন মানুষ একসাথে মাছ ধরে এবং অভয় আশ্রমটি সম্পূর্ণ অষ্ট করে ফেলে পরদিন থানায় একটি অভিযোগ দায়ের করা হয়। বোচাগঞ্জ উপজেলায় মোট ৩টি অভয় আশ্রম আছে। যা উপজেলার প্রাকৃতিক জ্বালাশয়ে মাছের উৎপাদন বৃদ্ধির প্রধান সহায়ক। এই অভয় আশ্রমগুলো রক্ষা না করা গেলে বোচাগঞ্জ উপজেলার টাঙ্গন নদী এক সময় মাছ শুন্য হয়ে যাবে। সুতরাং অভয় আশ্রামগুলা রক্ষায় উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনের সকলের আন্তরিক সহযোগীতা কামনা করেন। এ ছাড়া দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র বোচাগঞ্জ উপজেলার অভয় আশ্রমগুলো রক্ষায় এবং মৎস্য দপ্তরের সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৭. | উপজেলা সমবায় দপ্তরঃ ১। সমবায় সমিতি সংক্রান্তঃ অত্র উপজেলায় ফেব্রুয়ারি/২০ খ্রিঃ পর্যন্ত মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১১৬টি। সমিতি গুলো সরকারি কোন প্রকার ঋণ/অনদান ছাড়ায় ক্ষুদ্রঋণ সঞ্চয়ের মাধ্যমে গঠিত তহবিল দ্বারা উন্নয়নমূলক কার্যক্রম এবং দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানের জন্য কাজ করে যাচ্ছে। ইতিমধ্যে সমিতিগুলো নিজেরস্ব অর্থায়নে ৪২ জন বেকার যুবক/যুবতিকে কর্মী হিসাবে নিয়োগ দেয়া হয়েছে এবং ২৫৫ জন সমবায়ী আত্মকর্মসংস্থান হয়েছে। ইহাছারা অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, এত্র উপজেলায় সমবায় দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৮. | উপজেলা শিক্ষা দপ্তরঃ সভায় উপজেলা শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, অত্র উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুতে প্রধান শিক্ষকগণ প্রায় সময় অনউপস্থিত থাকেন। সহকারী শিক্ষা অফিসারগণ সঠিকভাবে বিদ্যালয়গুলো পরিদর্শন করেনা তাই প্রধান শিক্ষকগণ বিদ্যালয়ে উপস্থিত পাওয়া যায় না। ইহা ছাড়া অত্র অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপবৃত্তির কার্যক্রম চলমান রয়েছে। আজ থেকে স্কুলের কার্যক্রম বন্ধ হয়ে যাবে। এবং তিনি জানান ঝরে পড়া শিক্ষার্থী বেড়ে গেছে। স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য শিক্ষার্থীদের পরামর্শা দেওয়া হচ্ছে। হেন্ড সেনিটাইজার ও হাত ধুয়ার সাবান পানির ব্যবস্থা রাখা হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় মাধ্যমিক শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ। |
| ২০. | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২১. | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এবছর শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার এ্যাওয়ার্ড/২০২২ এ ৫নং ছাতইল ইউনিয়ন থেকে ০১ আবেদন পাওয়া গেছে। আবেদনকারী জনাব সুবোধচন্দ্র রায় পিতা-জিতেন্দ্র নাথ রায়, মাতা-মৃত-ঝমিল সাং-পলাশবাড়ী, বোচাগঞ্জ, দিনাজপুর এর দাখিলকৃত প্রস্তাবটির বিষয়ে প্রেরনের জন্য কমিটির সিদ্ধান্ত গ্রহনের অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, (১) অত্র প্রস্তাবটি জেলা কার্যালয়ে প্রেরনের সিদ্ধান্ত হয়। দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২০. | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের | উপজেলাবরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পাতা-৫)

| | | | |
|---|---|---|---|
| | | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২১. | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এবছর শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার এ্যাওয়ার্ড/২০২২ এ ৫নং ছাতইল ইউনিয়ন থেকে ০১ আবেদন পাওয়া গেছে। আবেদনকারী জনাব সুবোধচন্দ্র রায় পিতা-জিতেন্দ্র নাথ রায়, মাতা-মৃত-ঝমিল সাং-পলাশবাড়ী, বোচাগঞ্জ, দিনাজপুর এর দাখিলকৃত প্রস্তাবটির বিষয়ে প্রেরনের জন্য কমিটির সিদ্ধান্ত গ্রহনের অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, (১) অত্র প্রস্তাবটি জেলা কার্যালয়ে প্রেরনের সিদ্ধান্ত হয়। দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২২. | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, বোচাগঞ্জ উপজেলা পরিষদের ইউজিডিপি প্রকল্পের ৫ম পর্যায়ে (২০২০-২০২১) অর্থায়নে "বোচাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহ বিষয়ক উপ-প্রকল্পটি (আইডি নম্বর-INF-2020-2021-557221-03) উন্মুক্ত টেন্ডার পক্রিয়া ই-জিপির মাধ্যমে ঠিকাদারি প্রতিষ্ঠান একটিভ কেয়ার সার্জিক্যাল, তোপখানা, ঢাকা কর্তৃক সরবরাহ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সরবরাহ কার্যক্রম সম্পন্ন হয়েছে বিধায় ঠিকাদারি প্রতিষ্ঠান ১ম ও চূড়ান্ত বিলের জন্য আবেদন দাখিল করেছেন। তাই বিধি মোতাবেক ঠিকাদারি প্রতিষ্ঠানকে ১ম ও চূড়ান্ত বিল প্রদান করা প্রয়োজন। তিনি আরো জানান যে, ইউজিডিপি প্রকল্প অফিস মোট বিল থেকে ভ্যাট ও ট্যাক্স কর্তন করে ঠিকাদারের নীট বিল অনুমোদন প্রদান করবেন। অত:পর মাসিক সভায় অনুমোদনের জন্য তিনি বিলের স্থিরিত নিম্নে উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, ভ্যাট ও ট্যাক্সসহ ঠিকাদারের মোট বিল=৯,৪৯,০০০/-টাকা এবং মোট বিল থেকে ভ্যাট ও ট্যাক্স কর্তন সাপেক্ষে প্রাপ্য নীট বিল (ভ্যাট, ট্যাক্স ব্যতীত) =৮,৪৯,৩৫৫/-(আট লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশত পঞ্চান্ন) টাকা মাত্র অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিল প্রয়োজনীয় ডকুমেন্টসহ জরুরী ভিত্তিতে ইউজিডিপি প্রকল্প অফিস ঢাকায় প্রেরণ করার জন্য উপজেলা প্রকৌশলী ও ইউডিএফকে দায়িত্ব প্রদান করা হয়। | উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৩. বিবিধ (ক) | সভায় উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করণ" খাত হতে এক অর্থ বছরে সর্বচ্চ ১০,০০,০০০/-টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক কোটেশনের মাধ্যমে গত ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় বোচাগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান এঁর বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার কাজ করা হয়। উক্ত অর্থ বছরে যতেষ্ট অর্থ না থাকায় পরিশোধ করা সম্ভব হয় নাই। তাই চলতি ২০২১-২০২২ অর্থ বছরে উক্ত কাজের অর্থ পরিশোধের জন্য সভায় সকল সদস্যগণ এক মত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বোচাগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান এঁর বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার কাজের অর্থ সর্ব মোট=৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা, পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর। |
| বিবিধ (খ) | সভায় উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করণ" খাত হতে এক অর্থ বছরে সর্বচ্চ ১০,০০,০০০/-টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ চত্তরে ৭/৩ বাসাটিতে বর্ষাকালে বিভিন্ন ওয়াল প্লাষ্টার ও ছাদ এবং জানালাগুলি ভাঙ্গা তাই বাসাটিতে বসবাসের জন্য জরুরী ভিত্তিতে বাসাটি পুনঃ মেরামত করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ চত্তরে ৭/৩ বাসাটি পুনঃ মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করণ" খাত হতে=২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা, পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর। |
| বিবিধ (গ) | সভায় উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করণ" খাত হতে এক অর্থ বছরে সর্বচ্চ ১০,০০,০০০/-টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ চত্তরে টু-ইন কোয়াটার পুনঃ মেরামত ও রং করন করার প্রস্তাব রাখেন। সভায় সকল সদস্যগণ বাসাটিতে বসবাসের জন্য জরুরী ভিত্তিতে পুনঃ মেরামত ও রং করনের জন্য মতামত পষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ চত্তরে টু-ইন কোয়াটার পুনঃ মেরামত ও রং করন করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/ সংরক্ষণ/রং করণ" খাত হতে =২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা, পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর। |
| বিবিধ (ঘ) | বার্ষিক বাজেট ২০২২-২০২৩ ঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, জানান যে বিশেষ সভায় বোচাগঞ্জ উপজেলা পরিষদের বার্ষিক বাজেট ২০২২-২০২৩ সংযোজন ও বিয়োজনের মাধ্যমে চূড়ান্ত করা হয়। অতঃপর তিনি বার্ষিক বাজেট ২০২২-২০২৩ | সভায় বিস্তারিত আলোচনান্তে, বোচাগঞ্জ উপজেলা পরিষদের বার্ষিক বাজেট ২০২২-২০২৩ | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, |

(চলমান পাতা-৬)

| | | | |
|---|---|---|---|
| | অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় বার্ষিক বাজেট ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।। | জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং সংশ্লিষ্ট সদস্যদের বাজেটের অনুমোদিত কপি সরবরাহ করা ও ওয়েবসাইটে প্রর্দশনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা, পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর। |
| বিবিধ (ঙ) | সকল ইউপি চেয়ারম্যানগণ জানান যে, ভিজিএফ চাউল সুষ্ঠুভাবে বিতরন করা হয়েছে। বর্তমান শিক্ষার মান খুবই খারাপ। শিক্ষা অফিসার ও সহকারী শিক্ষা অফিসারগণকে তদারকি বাড়াতে হবে। তা না হলে সহকারী শিক্ষা অফিসারগণকে বদলি করতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর ও উপজেলা শিক্ষা দপ্তর। |

উপজেলা নির্বাহী অফিসার সকল কর্মকর্তাগণকে একনিষ্ঠভাবে তাদের ওপর অর্পিত দায়িত্ব প্রতিপালন করার আহবান জানান এবং শুভেচ্ছা জ্ঞাপন করে সভাপতি মহোদয়কে সভা সমাপ্তি ঘোষণার জন্য অনুরোধ করেন।

অত্র সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর জনাব মোঃ জুলফিকার হোসেন, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর অত্র উপজেলাবাসীর কল্যাণে ও দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ ম্যানুয়াল মোতাবেক একনিষ্ঠভাবে জনগণের কাজ করার আহ্বান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-১২/০৫/২০২২ খ্রিঃ।
(মোঃ জুলফিকার হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
মোবাইলঃ-০১৭১১-০০০২৬২।
ফান ঃ ০৫৩২৫-৭৩৪০০।

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০১.১৫-২০১৮-৪৭৭(৪০) তারিখ ঃ ১২/০৫/২০২২ খ্রিঃ।

ক্রঃনং **অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। মাননীয় সংসদ সদস্য,৭-দিনাজপুর-২ উপদেষ্টা, উপজেলা পরিষদ ও প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৬। মেয়র, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৭। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৮। ভাইস চেয়ারম্যান (মহিলা),উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৯। উপজেলা.......................................................................................কর্মকর্তা,বোচাগঞ্জ,দিনাজপুর।
১০। অফিসার ইনচার্জ, বোচাগঞ্জ থানা,দিনাজপুর।
১১। চেয়ারম্যান.........................................ইউনিয়ন পরিষদ(সকল), বোচাগঞ্জ, দিনাজপুর।
১২। রুপন কুমার সরকার, আইসিটি টেকনিশিয়ান, উপজেলা পরিষদ কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুরকে (উপজেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। অফিস কপি।

১২/০৫/2022
(ছন্দা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏০৫৩২৫-৭৩০০৯
unobochaganj@mopa.gov.bd